


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং--৩৪.০১.০০০০.০২৭.০৬.০০৫.১৬- ০৮০

তারিখ : ৩৭ পৌষ, ১৪২৩
২০ ডিসেম্বর, ২০১৬

বিষয় : যুব উন্নয়ন অধিদপ্তরের অধীন পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন।

দেশের বেকার যুবক ও যুবনারীদের আত্মকর্মসংস্থানের পাশাপাশি দেশে-বিদেশে কর্মসংস্থান সৃষ্টি ও উদ্যোক্তা তৈরীতে যুব উন্নয়ন অধিদপ্তর জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন ট্রেডে নানামুখী প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রম পরিচালনা করছে। অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে এসকল কার্যক্রম তদারকি ও মনিটরিং করা হচ্ছে। কিন্তু প্রধান কার্যালয়ে জনবলের স্বল্পতা থাকায় এবং বিভাগীয় পর্যায়ে কোন কার্যালয় না থাকায় ব্যাপক এ কার্যক্রম ফলপ্রসূভাবে তদারক করা সম্ভব হচ্ছেনা। ফলে কোথাও কোন ব্যত্যয় ঘটলেও তা তাৎক্ষণিকভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আসছে না। জেলা যুব উন্নয়ন কমিটির সভাপতি হিসেবে জেলা প্রশাসক এবং উপজেলা যুব উন্নয়ন কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী কর্মকর্তা অনেক ব্যস্ততার মাঝেও যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন কর্মকাণ্ডে বরাবরই সহযোগিতা দিয়ে আসছেন। যুব উন্নয়ন অধিদপ্তরের কাজকে আরো বেগবান করার লক্ষ্যে বিশেষ করে প্রশিক্ষণ ও ঋণদানের ক্ষেত্রে জেলা / উপজেলা পর্যায়ে অধিদপ্তরের গৃহীত কার্যক্রমের ওপর নজরদারি বাড়িয়ে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ কাজক্ষিত মাত্রার ফলাফল অর্জনে কার্যকর ভূমিকা রাখতে পারেন। এ বিষয়ে ব্যক্তিগতভাবে উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। তাৎক্ষণিক প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্যও অনুরোধ করা হলো।


(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন নং- ০২-৯৫৫৯৩৮৯।

E-mail:dg@dyd.gov.bd.

প্রাপক,

০১। জেলা প্রশাসক, -----(সকল) জেলা।

০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, -----উপজেলা,----- (সকল) জেলা।

বিতরণ :

০১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর----- (সকল) জেলা।

১০৩। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। অফিস কপি।